

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ শাখা

নং- ৪৫.১৬৫.০৩২.১২.০০.০০১, ২০১৭-৩৩৪


তারিখঃ ১৭-১২-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (এইচএসএম) ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের ৬০টি আইটেমের বিপরীতে প্রণীত ২৬০,৫৮.২১ (দুইশত ষাট কোটি আটান্ন লক্ষ একশ হাজার) লক্ষ টাকার প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ নং-স্বাঃঅধিঃ/হাঃসেঃব্যঃ/যানবাহন ক্রয়/২০১৭-২০১৮/২৯৮৬, তাং-১০-১০-২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (এইচএসএম) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের ৬০টি আইটেমের বিপরীতে ২৬০,৫৮.২১ (দুইশত ষাট কোটি আটান্ন লক্ষ একশ হাজার) লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পন, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজসমূহের ক্ষেত্রে NCB/OTM (Open Tendering Method-National/International) অনুসরণ করতে হবে;
- (গ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঘ) কোনক্রমেই অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (ঙ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ছ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (জ) পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ১০০ (একশত) কোটি টাকার উর্ধ্বে ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বিবেচনার জন্য প্রেরণ করতে হবে।

  
(হোসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর  
হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (এইচএসএম)  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৬৫.০৩২.১৯.০০.০০২.২০১৪-৩৩৫

তারিখঃ ১৭-১২-২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির ২০১৭-২০১৮ অর্থবছরের জিওবি (উন্নয়ন) খাতের পিডব্লিউডি অংশের এবং এইচইডি অংশের প্রকিউরমেন্ট প্ল্যান (ওয়ার্কস)-এ প্রশাসনিক অনুমোদন

সূত্রঃ (১) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নং-এইচইডি/এইচপিএনএসপি/কর্মপরিকল্পনা-১০৯/২০১৭/২৫০০, তাং-২২-১১-২০১৭ খ্রিঃ।

(২) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নং-এইচইডি/এইচপিএনএসপি/কর্মপরিকল্পনা-১০৯/২০১৭/২৪৪৯, তাং-০৪-১২-২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির ২০১৭-২০১৮ অর্থবছরের জিওবি (উন্নয়ন) খাতের পিডব্লিউডি অংশের ৯২টি প্যাকেজের বিপরীতে ৩৪০৬৮৪.০০ (তিন হাজার চারশত ছয় কোটি চুরাশি লক্ষ) লক্ষ টাকার প্রাক্কলিত মূল্য এবং এইচইডি অংশের ৩০৫৫টি কাজের বিপরীতে প্রণীত ৪০৯৫৪০.২২ (চার হাজার পচানব্বই কোটি চল্লিশ লক্ষ বাইশ হাজার) লক্ষ টাকা মূল্যের সংশোধিত প্রকিউরমেন্ট প্ল্যান (ওয়ার্কস)সহ সর্বমোট (৩৪০৬৮৪.০০+৪০৯৫৪০.২২)=৭৫০২২৪.২২ (সাত হাজার পাঁচশত দুই কোটি চল্লিশ লক্ষ বাইশ হাজার) লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (ওয়ার্কস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং আর্থিক ক্ষমতা অর্পন, ২০১৫ এর বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে;
- (গ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঘ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

অতিরিক্ত সচিব(উন্নয়ন)

স্বাস্থ্য সেবা বিভাগ

ও

লাইন ডাইরেক্টর

ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি)।

অনুলিপিঃ

- ১। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্টস, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।